

রাবিতে চতুর্থ শিল্প বিপ্লব নিয়ে আন্তর্জাতিক কনফারেন্স ৫ ও ৬ অক্টোবর

রাবি প্রতিনিধি

১৪ সেপ্টেম্বর ২০২৩, ০৪:৪৫ পিএম



রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) আগামী ৫ ও ৬ অক্টোবর দুই দিনব্যাপী ‘চতুর্থ শিল্প বিপ্লবে বিজ্ঞান ও প্রযুক্তির ভূমিকা’ শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স অনুষ্ঠিত হতে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদ প্রথমবারের মত এই কনফারেন্সের আয়োজন করছে। আজ বৃহস্পতিবার দুপুরে বিজ্ঞান অনুষদের সভাকক্ষে আয়োজিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

আয়োজকরা জানান, চতুর্থ শিল্প বিপ্লব বিষয়ে জ্ঞান ও দক্ষতার আদান-প্রদানের জন্য একাডেমিশিয়ান ও শিল্পপতিদের মধ্যে সম্পর্ক গড়ে তোলা এবং এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে সহায়তা করতে চতুর্থ শিল্প বিপ্লব সংশ্লিষ্ট প্রযুক্তির হস্তান্তর সহজতর করার জন্য নীতিমালা সুপারিশ করাসহ বিভিন্ন উদ্দেশ্য সামনে রেখে এই কনফারেন্সের আয়োজন করা হচ্ছে।

আগামী ৫ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে কনফারেন্সের উদ্বোধন করবেন পরিকল্পনা প্রতিমন্ত্রী ড. শামসুল আলম। কনফারেন্সে কি-নোট স্পিকার হিসেবে থাকবেন ভারতের পন্ডিচেরি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক গুরমিত সিং, জাপানের ওয়ান রিচ ইন্টারন্যাশনালের সভাপতি ও সিইও ইউইটি

হারলি ইচিহাশিসহ মার্কিন যুক্তরাষ্ট্র, ভারত, জাপান, মালায়শিয়া ও নেপালের গবেষক ও শিক্ষকরা।

প্লিনারি স্পিকার হিসেবে থাকবেন ভারতের খড়গপুর আইআইটি'র পদার্থবিজ্ঞান বিভাগের প্রধান অধ্যাপক ড. পি.কে. দত্ত ও রসায়ন বিভাগের প্রধান অধ্যাপক ড. জয়কৃষ্ণ দেসহ ভারত ও বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গবেষক ও শিক্ষকরা।

কনফারেন্সে গবেষণাপত্র উপস্থাপনের জন্য পোস্টার সাবমিশন ডেডলাইন ১৫ সেপ্টেম্বর, গবেষণাপত্র গ্রহণের বিজ্ঞপ্তি জানানো হবে ২০ সেপ্টেম্বরের মধ্যে এবং রেজিস্ট্রেশন ডেডলাইন ৩০ সেপ্টেম্বর। দেশীয় একাডেমিশিয়ানদের রেজিস্ট্রেশন ফি ৩ হাজার টাকা, সার্কভুক্ত দেশের একাডেমিশিয়ানদের জন্য ১৫০ ডলার এবং অন্য দেশের একাডেমিশিয়ানদের জন্য ১০০ ডলার। দেশীয় শিক্ষার্থীদের জন্য ১৫০০ টাকা, সার্কভুক্ত দেশের শিক্ষার্থীদের জন্য ৭৫ ডলার এবং অন্য দেশের শিক্ষার্থীদের জন্য ১০০ ডলার।

আয়োজক কমিটির আহ্বায়ক ও অনুষদের ডিন অধ্যাপক শাহেদ জামান বলেন, ‘বিজ্ঞান অনুষদ প্রথমবারের মত আন্তর্জাতিক সম্মেলন আয়োজন করতে যাচ্ছে। এটা আমাদের শিক্ষক-শিক্ষার্থীদের বহুদিনের দাবি ছিল। বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকেও বারবার বলা হয় যে, একাডেমিক কার্যক্রম উন্নত করতে হলে গবেষণার ক্ষেত্র উন্নত করতে হবে এবং গবেষণার ফলাফল সবাইকে জানাতে হবে। আর এটার মাধ্যমেই বিশ্ববিদ্যালয়ের র‍্যাঙ্কিংয়ে ভাল করানো যায়। আমাদের শিক্ষক-শিক্ষার্থীরাও অনেক ভালমানের গবেষণা করেন। কিন্তু শুধু প্রচারণার অভাবে আমরা র‍্যাঙ্কিংয়ে পিছিয়ে থাকি।’

তিনি আরও বলেন, ‘আগামী কয়েকমাস পর নির্বাচন থাকায় বিদেশি অনেকেই আমাদের সম্মেলনে যোগ দিতে ইতস্ততবোধ করছেন। তারপরও প্রথমবার হিসেবে উপস্থিতির সংখ্যা যথেষ্ট হবে বলে আমরা আশাবাদী।

কনফারেন্স আয়োজক কমিটির সদস্য সচিব অধ্যাপক আশরাফুল ইসলাম খানের সঞ্চালনায় সংবাদ সম্মেলনে আরও বক্তব্য দেন আয়োজক কমিটির প্রচার বিষয়ক উপ-কমিটির আহ্বায়ক ও গণিত বিভাগের সভাপতি অধ্যাপক নাসিমা আক্তার।

এসময় আরও উপস্থিত ছিলেন- রসায়ন বিভাগের অধ্যাপক নজরুল ইসলাম, গণিত বিভাগের অধ্যাপক সাজুয়ার রায়হান ও সহযোগী অধ্যাপক মো. রবিউল হক, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধ্যাপক আ.ক.ম. আসাদুজ্জামান ও অধ্যাপক মো. সোহেল হাসান। তারা সবাই প্রচার বিষয়ক উপ-কমিটির সদস্য।